

# বারাসত গার্লস' হাই স্কুল

## নোটিশ

এতদ্বারা একাদশ শ্রেণির সকল ছাত্রী ও তাদের অভিভাবকদের জানানো যাচ্ছে যে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির পাঠক্রম আগামী ০৩.০৬.২০২৬ (বুধবার) তারিখ থেকে শুরু হবে।

✦ সকল ছাত্রীকে সকাল ১০.৩০ মিনিটের মধ্যে বিদ্যালয়ে উপস্থিত থাকতে হবে এবং প্রার্থনা সভায় অংশগ্রহণ করতে হবে।

✦ কোনো ছাত্রী ছোট গেট দিয়ে প্রবেশের অনুমতি চাইবে না।

✦ সকলকে বিদ্যালয়ের নির্ধারিত পরিষ্কার ও সঠিক ইউনিফর্ম পরে বিদ্যালয়ে আসতে হবে।

✦ ০৩.০৬.২০২৬ তারিখে ছাত্রীরা তাদের শ্রেণি-সূচি (Class Routine) গ্রহণ করবে এবং সেদিন দুপুর ১২.১৫ মিনিটে বিদ্যালয় ছুটি হবে।

✦ ০৪.০৬.২০২৬ (বৃহস্পতিবার) থেকে বিদ্যালয়ের স্বাভাবিক সময়সূচি অনুযায়ী নিয়মিত পঠনপাঠন চলবে।

✦ স্কুল শিক্ষা দপ্তরের নির্দেশ অনুযায়ী প্রার্থনা সভায় “বন্দে মাতরম্” গাওয়া বাধ্যতামূলক।

✦ ছাত্রীদের সুবিধার্থে বিদ্যালয়ের প্রথম তলার শৌচাগারগুলি ব্যবহার করার জন্য খুলে দেওয়া হচ্ছে। সকল ছাত্রীকে শৌচাগার যথাযথভাবে ব্যবহার করতে, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যবিধি বজায় রাখতে এবং আবর্জনা নির্দিষ্ট ডাস্টবিনে ফেলতে নির্দেশ দেওয়া হচ্ছে।

✦ কোনো অবস্থাতেই শ্রেণিকক্ষ, বারান্দা, বিদ্যালয় প্রাঙ্গণ বা খেলার মাঠে আবর্জনা ফেলা যাবে না। সকলকে নির্দিষ্ট ডাস্টবিন ব্যবহার করতে হবে এবং বিদ্যালয় চত্বর পরিচ্ছন্ন রাখতে হবে।

✦ শ্রেণি চলাকালীন কোনো ছাত্রী জরুরি প্রয়োজন ব্যতীত শ্রেণিকক্ষ ত্যাগ করবে না।

✦ টিফিনের সময় ছাড়া বিদ্যালয়ের বারান্দা বা প্রাঙ্গণে অযথা ঘোরাফেরা করা সম্পূর্ণরূপে নিষিদ্ধ।

✦ বিদ্যালয়ের দেওয়াল, দরজা, কল, শৌচাগারের সামগ্রী বা অন্য কোনো সম্পত্তির ক্ষতি করা সম্পূর্ণরূপে নিষিদ্ধ। বিদ্যালয়ের কোনো সম্পত্তির ক্ষতি বা অপব্যবহারের ঘটনা ঘটলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রয়োজনীয় শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

✦ এটিএম জল পরিশোধন ব্যবস্থার অপব্যবহার থেকেও সকল ছাত্রীকে বিরত থাকার জন্য নির্দেশ দেওয়া হচ্ছে।

✦ মিড-ডে মিল কক্ষ, আহার গ্রহণের স্থান এবং রান্নাঘর সম্প্রতি সংস্কার ও রং করা হয়েছে। সকল ছাত্রীকে উক্ত স্থানগুলি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার এবং কোনোভাবে নোংরা না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

এই বিদ্যালয় আমাদের সকলের। বিদ্যালয়ের সম্পত্তি ও পরিকাঠামোর যথামত ব্যবহার ও সংরক্ষণে সকল ছাত্রীর সচেতন ও দায়িত্বশীল ভূমিকা প্রত্যাশিত। অভিভাবক ও অভিভাবিকাদের সহযোগিতাও একান্তভাবে কাম্য, যাতে ছাত্রীরা বিদ্যালয়ের সম্পত্তি ও পরিকাঠামোর প্রতি মন্বশীল ও দায়িত্ববান হয়ে ওঠে।

✦ ছাত্রীদের নিয়মিত বিদ্যালয়ে উপস্থিত থাকা এবং বিদ্যালয়ের শৃঙ্খলা মেনে চলা আবশ্যিক।

সকল ছাত্রীর সুস্বাস্থ্য, সুন্দর শিক্ষাজীবন ও সাফল্য কামনা করি।

তারিখ: ৩০.০৫.২০২৬

প্রধান শিক্ষিকা  
বারাসত গার্লস' হাই স্কুল